

# ৫ নির্দেশনা মেনে খুলেছে শিক্ষাপ্রতিষ্ঠান

অনলাইন ডেক্স

৯ জুলাই ২০২৩ ১১:১৫ এএম | আপডেট: ৯ জুলাই ২০২৩

১১:১৫ এএম

1  
Shares



প্রতীকী ছবি

advertisement..

উদুল আজহার লম্বা ছুটির পর দেশের সব স্তরের শিক্ষা প্রতিষ্ঠান খুলেছে আজ রোববার। খোলার পর শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ ৫ দফা নির্দেশনা দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদফতর। আজ বৃহস্পতিবার অধিদফতর থেকে এ নির্দেশনা দেওয়া হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের বৃহস্পতিবারের নির্দেশনায় বলা হয়, সম্প্রতি ঢাকা মহানগর ও দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গু রোগের প্রকোপ দেখা দিয়েছে। বহু মানুষ এতে আক্রান্ত হয়েছেন এবং হচ্ছেন। বিশেষজ্ঞদের ধারণা, সতর্কতা অবলম্বন করলে এ রোগ থেকে নিষ্ঠার পাওয়া সম্ভব।

advertisement

ডেঙ্গু এডিস মশাবাহিত একটি রোগ উল্লেখ করে এতে আরও বলা হয়, শিক্ষা প্রতিষ্ঠানগুলোর খেলার মাঠ এবং ভবনগুলোর মাঝে পানি জমে থাকে এমন জায়গা, ফুলের টবে জমে থাকা পানি এডিস মশার উপযুক্ত প্রজনন কেন্দ্র। ডেঙ্গু বিস্তার রোধে দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে পবিত্র ইদুল আজহার ছুটি পরবর্তী খোলার পর ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হলো।

## মাউশির ৫ নির্দেশনা

- ১) খেলার মাঠ ও ভবনগুলো নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
- ২) মাঠ কিংবা ভবনে জমে থাকা পানি দ্রুত সরিয়ে ফেলতে হবে;
- ৩) শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় সৌন্দর্য বর্ধনের জন্য যেসব ফুলের টব রাখা হয়েছে, সেগুলো নিয়মিত পরিষ্কার রাখতে হবে;
- ৪) এছাড়া এডিস মশার প্রজননস্থলে যাতে পানি জমতে না পারে তা নিশ্চিত করতে হবে;
- ৫) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা শিক্ষকদের ডেঙ্গু প্রতিরোধের উপায়গুলো প্রত্যহ শিক্ষার্থীদের অবহিত করতে হবে।

1  
Shares